



## ALL INDIA RADIO, SILCHAR

\*\*\*\*\*

### MORNING NEWS BULLETIN

BENGALI

24 APRIL 2024

7:35—7:40 AM IST

---

দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের প্রচার অভিযান আজ বিকেলে শেষ হচ্ছে । দ্বিতীয় পর্যায় শিলচর , করিমগঞ্জ সহ নগাঁও, দরং-উদালগুড়ি এবং ডিফু লোকসভা আসনে ভোটগ্রহণ করা হবে ।

রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও বর্তমান কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল করিমগঞ্জে দলীয় প্রার্থী কৃপানাথ মালাহ'র হয়ে আজ করিমগঞ্জের বিভিন্ন স্থানে নির্বাচনী প্রচারে অংশ নেবেন ।

এদিকে গতকাল শ্রী সনোয়াল শিলচর লোকসভা আসনের বিজেপি প্রার্থী মন্ত্রী পরিমল শুল্কবৈদ্যর হয়ে নির্বাচনী প্রচারে অংশ নিয়ে সন্ধ্যায় শিলচরে দলীয় কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে শিলচর তথা বরাক উপত্যকার উন্নয়নে বিজেপি নেতৃত্বাধীন কেন্দ্র ও রাজ্য সরকারের রূপায়ণ করা বিভিন্ন প্রকল্পের বিষয়ে উল্লেখ করেন । রাজ্যে কংগ্রেস সরকারের আমলে বরাক উপত্যকার বিশেষ কোনো উন্নয়ন হয় নি বলে অভিযোগ করে শ্রী সনোয়াল রাজ্য তথা দেশের সার্বিক উন্নয়নে নতুন প্রজন্মকে বেশি সংখ্যায় ভোটদানের আহ্বান জানান ।

---

এদিকে কংগ্রেস সাংসদ ও প্রথমসারির নেতা গৌরব গগৈ গতকাল শিলচরে দলীয় প্রার্থী সূর্যকান্ত সরকারের হয়ে নির্বাচনী প্রচারে অংশ নিয়েছেন । পরে বিকেলে শ্রী গগৈ শিলচরে জেলা কংগ্রেস ভবন থেকে নির্বাচনী পদযাত্রায় অংশগ্রহণ করেন ।

এছাড়া পশ্চিমবঙ্গ থেকে তৃণমূল কংগ্রেসের দুই নেত্রী অভিনেত্রী সায়নী ঘোষ ও সাংবাদিক সাগরিকা ঘোষ গতকাল শিলচরে দলীয় প্রার্থী রাধেশ্যাম বিশ্বাসের হয়ে নির্বাচনী প্রচারে অংশ নিয়েছেন । ।

অন্যদিকে শিলচর লোকসভা আসনে এস ইউ সি আই (সি) দলের প্রার্থী প্রভাস চন্দ্র সরকারকে নিয়ে দলীয় কর্মী-সমর্থকরা গতকাল শিলচরে ক্ষুদিরাম মূর্তির পাদদেশ থেকে অস্থিকাপটি পয়েন্ট পর্যন্ত একটি মিছিল করে প্রচার করেন ।

---

দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনে রাজ্যের অন্য তিনটি লোকসভা আসনেও প্রচার অভিযান তীব্রতর হয়ে উঠেছে । রাজ্যের মুখ্যমন্ত্রী ও প্রবীণ বিজেপি নেতা ডঃ হিমন্তুবিশ্ব শর্মা গতকাল নগাঁও লোকসভা আসনের বিজেপি প্রার্থী সুরেশ বরার হয়ে প্রচারে অংশ নিয়েছেন । মুখ্যমন্ত্রী গতকাল দরং-উদালগুড়ি লোকসভা আসনের এন ডি এ প্রার্থী দিলীপ শইকিয়ার সমর্থনে সিপাঝাড়, মঙ্গলদৈ, নাগরিজুলিতে প্রচার করেন । এদিকে আসাম বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী ও বিটিআর প্রধান প্রমোদ বড়ো গতকাল উদালগুড়ি জেলার শিমুলগুড়িতে দরং-উদালগুড়ি আসনের বিপিএফ প্রার্থীর হয়ে প্রচার করেন । এছাড়া কংগ্রেস এবং আম আদমি পার্টির নেতারাও দলীয় প্রার্থীদের হয়ে নির্বাচনী প্রচারে অংশ নিয়েছেন ।

---

অরুণাচল প্রদেশের চারটি বিধানসভা আসনের ৮ টি ভোটগ্রহণ কেন্দ্রে আগামী বুধবার পুনরায় বিধানসভা এবং লোকসভা নির্বাচনের ভোটগ্রহণ করা হবে । উল্লেখ্য এই ভোটগ্রহণ কেন্দ্রগুলোতে গত ১৯ শে এপ্রিল বিধানসভা এবং লোকসভা নির্বাচনের ভোটগ্রহণ করা হয়েছিল তবে নির্বাচন কমিশন এই কেন্দ্রগুলোতে পুনরায় ভোটগ্রহণের নির্দেশ দেয় ।

---

করিমগঞ্জের অতিরিক্ত জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে আজ থেকে আগামী ২৬শে এপ্রিল পর্যন্ত করিমগঞ্জ শহরে সড়কের পাশের অস্থায়ী দোকানগুলি বন্ধ রাখার নির্দেশ জারী করেছেন । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে আজ ও আগামীকাল নির্বাচনের কাজে যুক্ত ভোট কর্মী নির্ভিয়ে গন্তব্যে পৌছানোর উদ্দেশ্যে এবং আগামী ২৬শে এপ্রিল ভোটের কাজ শেষ করে ভোট কর্মীদের জেলা সদরে পৌছাতে সড়কের পাশের দোকান বন্ধ রাখার নির্দেশ জারী করা হয়েছে ।

---

করিমগঞ্জের জেলা আয়ুক্ত আজ ও আগামীকাল করিমগঞ্জ পৌর এলাকার সব সরকারী-বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে বলে জানিয়েছেন । জেলা আয়ুক্তের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে শহরের ট্রাফিক জ্যাম এড়ানোর জন্য আজ ও আগামীকাল পৌর এলাকার সব শিক্ষা প্রতিষ্ঠানে ছুটি দেওয়া হয়েছে ।

---

করিমগঞ্জের জেলা আয়ুক্ত লোকসভা নির্বাচনে ভোটকর্মীদের যানবাহন সুষ্ঠুভাবে চলাচলের জন্য আগামীকাল থেকে আগামী শনিবার পর্যন্ত করিমগঞ্জ শহরের এ ও সি পয়েন্ট থেকে জেলা আয়ুক্তের কার্যালয় পর্যন্ত সড়ক দিয়ে সবধরণের ই-রিম্বা , ই-অটো এবং পেট্রোল অটো চলাচল সম্পূর্ণভাবে বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন ।

---

কাছাড় জেলা প্রশাসনের সুইপ সেলের উদ্যোগে গতকাল বদরপুর পৌরসভা ও পাঁচগ্রামের বিভিন্ন অঞ্চলে ভোটার সচেতনতা সভা ও পথনাটিকা অনুষ্ঠিত হয়েছে । সচেতনতা সভা এবং পথ নাটিকাগুলিতে সর্বস্তরের জনগনকে নিজেদের গনতান্ত্রিক অধিকার প্রয়োগ করার আহ্বান জানানো হয়েছে ।

---

কাছাড়ের জেলা আয়ুক্ত রোহন কুমার ঝা এক বিজ্ঞপ্তিতে আগামী ২৬শে এপ্রিল লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের দিন এন আই এক্টের অধীনে কাছাড় জেলার সব সরকারী-বেসরকারী কার্যালয় , শিক্ষা প্রতিষ্ঠান , ব্যবসা-বানিজিক প্রতিষ্ঠান , ব্যাঙ্ক , চা বাগান , কলকারখানা বন্ধ রাখার কথা ঘোষণা করেছেন । এই সবেতন ছুটি কাছাড় জেলার পঞ্জীকৃত সব ভোটারদের ক্ষেত্রে প্রযোজ্য হবে ।

---

আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে আজ উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যে প্রবল বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে । এই সময়ে আসাম , অরুণাচল প্রদেশ , মেঘালয় , নাগালেণ্ড , ত্রিপুরা , মণিপুর ও মিজোরামে হালকা থেকে মাঝারী বৃষ্টিপাত হবার সম্ভাবনা রয়েছে । সেইসঙ্গে আবহাওয়া বিজ্ঞান বিভাগ পূর্ব ভারতে আগামী চারদিন প্রচন্ড গরম থাকবে বলে জানিয়েছে ।

---

---